শিক্ষক সমিতির জাতীয় সম্মেলনে ভাষণ

# শিক্ষাঙ্গনের পবিত্রতা রক্ষা করুন: এরশাদ

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ সকলের প্রতি শিক্ষা প্রতিষ্ঠানের পবিত্রতা অক্ষুণ্ন রাখার ও দেশে শিক্ষার সামগ্রিক মান উন্নত করার উদাত্ত আহবান জানিয়েছেন। খবর বাসসের।

বৃহস্পতিবার ঢাকায় শিল্পকলা একাডেমী মিলনায়তনে বাংলাদেশ শিক্ষক সমিতির ত্রিবার্ষিক সম্মেলনে ভাষণদানকালে তিনি বলেন, আসুন আমরা দেশ ও জাতির মঙ্গলের জন্য ক্যাম্পাস থেকে সকল প্রকার অশুভ তৎপরতার অবসান ঘটানোর শপথ নেই।

সম্মেলনে অন্যদের মধ্যে উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ, শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ, শিক্ষক সমিতির সভাপতি শেখ আমানুল্লাহ ও মোহাম্মদ আজিজুল হক শাহ বক্তৃতা করেন।

বিপুলসংখ্যক শিক্ষক প্রতিনিধি ছাড়াও মন্ত্রী ও সরকারী কর্মকর্তারা উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বার্ট্রান্ড রাসেলের উদ্ধৃতি দিয়ে প্রেসিডেন্ট এরশাদ বলেন, শিক্ষকরা সভ্যতার বিবেক, জাতির পথ-প্রদর্শক ও মানুষের মত মানুষ গড়ে তোলার স্থপতি।

তিনি বলেন, ইসলামও শিক্ষকদের সম্মানজনক স্থান দেয় ও তাদেরকে পিতা-মাতার মতই শ্রদ্ধা করতে শেখায়।